

সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি	ইসরাত চৌধুরী অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৫ জুন ২০২৩
সভার সময়	বেলা ১১:০০ টা
স্থান	সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচি মোতাবেক বিষয়সমূহ সভায় উপস্থাপনের জন্য উপসচিব, প্রশাসন-১ শাখা (সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, সুরক্ষা সেবা বিভাগ) কে অনুরোধ করা হয়। অতঃপর সদস্য সচিব আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

১.০ আলোচ্য বিষয়: সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ পর্যবেক্ষণ।

১.১ আলোচনা: সদস্য সচিব (উপসচিব, প্রশাসন-১ শাখা) সভাকে অবহিত করেন, সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১.৪ কার্যক্রমের আওতায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের লক্ষ্যে গত ০৬ জুন ২০২৩ তারিখে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সকল মন্ত্রণালয়/বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রমের ২০২২-২০২৩ এর অর্ধবার্ষিক ফলাবর্তক সভায় মন্ত্রণালয়/বিভাগকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবসাইটে বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি অনুসরণ এবং মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন অধিশাখা হতে সর্বশেষ ২৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে প্রাপ্ত পত্র মোতাবেক স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালানাকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করা হয়। গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে কিনা তা পরিবীক্ষণ করার জন্য বিশদ আলোচনা হয়।

১.২ সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনাক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন নিরীক্ষা করার জন্য নিম্নলিখিত কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

(ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সকল মন্ত্রণালয়/বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রমের ২০২২-২০২৩ এর অর্ধবার্ষিক ফলাবর্তক সভায় মন্ত্রণালয়/বিভাগকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবসাইটে বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি অনুসরণ এবং মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন অধিশাখা হতে সর্বশেষ ২৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে প্রাপ্ত পত্র মোতাবেক এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালানাকরণের হালনাগাদকরণ করা হয়েছে কিনা তা যাচাই করা;

(খ) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের কার্যক্রম বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২২-২০২৩ এ উল্লেখিত সময়ের মধ্যে সম্পন্ন করা হয়েছে কিনা তা যাচাই-বাছাই করা;

২.০ আলোচ্য বিষয়: সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত কিছু সেবার কার্যক্রম দ্বৈবচয়ন ভিত্তিতে যাচাই-বাছাই করা।

২.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে বিদ্যমান সেবাসমূহের মধ্যে দ্বৈবচয়ন ভিত্তিতে ০৩টি সেবার কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করা হয় কিনা তা যাচাই-বাছাই করার বিষয়ে মতামত প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহীত হয়:

২.২ সিদ্ধান্ত:

এপ্রিল-জুন, ২০২৩ সময়ে নিম্নলিখিত সেবাসমূহের বিপরীতে কতটি আবেদন গৃহীত হয়েছে এবং সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সময়ের মধ্যে তা নিষ্পন্ন করা হয়েছে তা যাচাই করা হবে:

(ক) আইনানুগ অভিভাবকের তত্ত্বাবধানে বাংলাদেশী শিশুদের বিদেশগমনের অনুমতি প্রদান (নাগরিক সেবা)

(খ) কারাগারে শ্যুটিং/ভিডিও ধারণের অনুমতি প্রদান (নাগরিক সেবা) এবং

(গ) না-দাবী প্রদান (অভ্যন্তরীণ সেবা)

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ইসরাত চৌধুরী
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০২.২১.১৩৯

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩০

২৬ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বহিরাগমন-৬ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

২) উপসচিব, কারা-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৩) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

৪) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ



সেখ ফরিদ আহমেদ
উপসচিব